অতিব জরুরী

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
জেলা পরিষদ অধিশাখা
www.lgd.gov.bd

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

নং-৪৬.৪২.০০০০.০০০.২২.০০২.১৫. ২৪৬০

তারিখঃ ০১ কার্তিক ১৪২৩
১৬ অক্টোবর ২০১৬

বিষয়ঃ জেলা পরিষদের পত্র ও খামে শ্লোগান ব্যবহার।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, স্থানীয় সরকার বিভাগের ইনোভেশন তিনটি শ্লোগান প্রধানমন্ত্রীর কার্যালয় কর্তৃক অনুমোদিত হয়েছে যথাঃ

(১) উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র
(২) শেখ হাসিনার দর্শন
বাংলাদেশের উন্নয়ন
(৩) শেখ হাসিনার দর্শন
সব মানুষের উন্নয়ন

২। এমতাবস্থায়, স্থানীয় সরকার বিভাগের ২৮ সেপ্টেম্বর ২০১৬ তারিখে অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত অনুযায়ী প্রধানমন্ত্রীর কার্যালয় কর্তৃক অনুমোদিত শ্লোগান তিনটি জেলা পরিষদ ভবনের নাম ফলকের পাশে দৃশ্যমান স্থানে স্থাপন করতে হবে এবং তিনটি শ্লোগানের ন্যূনতম একটি শ্লোগান জেলা পরিষদ হতে প্রেরিত পত্র ও খামের উপর মনোগ্রাম আকারে লিখার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনামতে।

১৬/১০/১৬
(জুবাইদা নাসরীন)
উপসচিব
ফোনঃ ৯৫৭৫৫৬৮
Email-lgzp@lgd.gov.bd

প্রধান নির্বাহী কর্মকর্তা
জেলা পরিষদ------------- (তিনটি পার্বত্য জেলা ব্যতীত ৬১ টি জেলা পরিষদ)।

অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ

১। বিভাগীয় কমিশনার, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট/রংপুর/ময়মনসিংহ।
২। পরিচালক, স্থানীয় সরকার, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট/রংপুর/ময়মনসিংহ।
৩। জেলা প্রশাসক, -----------------৬১ টি জেলা (৩টি পার্বত্য জেলা ব্যতীত)।
৪। প্রশাসক, জেলা পরিষদ-------------- ৬১ টি জেলা পরিষদ (৩টি পার্বত্য জেলা ব্যতীত)।
৫। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬। সিনিয়র সহকারী সচিব, প্রশাসন-২ শাখা, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭। সহকারী প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার,পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
সমন্বয় ও কাউন্সিল শাখা
www.lgd.gov.bd

**বিষয় ঃ স্থানীয় সরকার বিভাগের ২৮ সেপ্টেম্বর ২০১৬ তারিখে অনুষ্ঠিত সমন্বয় সভার কার্যবিবরণী।**

সভাপতি ঃ জনাব আবদুল মালেক
সচিব, স্থানীয় সরকার বিভাগ
সময় ঃ বিকাল ৩.০০ টা
স্থান ঃ স্থানীয় সরকার বিভাগের সম্মেলন কক্ষ

সভায় উপস্থিতির তালিকা ঃ পরিশিষ্ট-ক

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে এবং নবযোগদানকৃত ২জন কর্মকর্তাকে পরিচয় করিয়ে দিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে অতিরিক্ত সচিব (প্রশাসন) বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শোনান। এ বিষয়ে সভায় জানানো হয় যে, ৩ নং আলোচনার সিদ্ধান্ত নম্বর ৩ এ কম্পট্রোলার এ্যান্ড অডিটর জেনারেল মহোদয়ের কার্যালয়ে যোগাযোগ করে সাল ভিত্তিক অডিট আপত্তি অবলোপন করতে হবে মর্মে উল্লেখ আছে। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। কম্পট্রোলার এ্যান্ড অডিটর জেনারেল মহোদয়ের কার্যালয়ে যোগাযোগ করে অনিষ্পন্ন/পেন্ডিং অডিট আপত্তিসমূহ পর্যালোচনাপূর্বক প্রযোজ্য ক্ষেত্রে নিষ্পত্তি এবং অবলোপনের উদ্যোগ নিতে হবে মর্মে উক্ত সিদ্ধান্তটি সংশোধন করে সর্বসম্মতিক্রমে কার্যবিবরণী সভায় অনুমোদিত হয়। অতঃপর সভায় নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

আলোচনা-১ ঃ

সভাপতি স্থানীয় সরকার বিভাগের বাস্তবায়নাধীন বিভিন্ন উন্নয়ন প্রকল্পসমূহ পরিদর্শন, মনিটরিং এবং বাস্তবায়ন বিষয়ে আলোচনার সূত্রপাত করেন। এ বিষয়ে সভায় জানানো হয় যে, বিগত আগস্ট ২০১৬ মাসে স্থানীয় সরকার বিভাগ কর্তৃক গঠিত পরিদর্শন টিম মোট ০৬ টি পরিদর্শন প্রতিবেদন দাখিল করেছে। ১টি পরিদর্শন প্রতিবেদনে কিছু অনিয়ম থাকায় ব্যবস্থা গ্রহণের জন্য নগর উন্নয়ন অনুবিভাগে প্রেরণ করা হয়েছে। অবশিষ্ট ০৫ টি পরিদর্শন প্রতিবেদনে কোন অনিয়ম/বিরুপ মন্তব্য না থাকায় প্রতিবেদনগুলি নথিজাত করা হয়েছে। সভাপতি সভাকে জানান যে, পরিদর্শনের সময় এ বিভাগ কর্তৃক স্থাপিত বিভিন্ন ডিজিটাল সেন্টারের কার্যক্রম মনিটরিং করলে ডিজিটাল সেন্টারসমূহ গতিশীল হবে। মানুষের দোড়গোড়ায় সেবা পৌঁছে দেয়া সম্ভব হবে। তাছাড়া বিভিন্ন অফিস পরিদর্শনের সময় ঐ অফিসের কার্যাবলী দেখার সাথে সাথে অডিট আপত্তির বিষয়টি দেখতে হবে এবং অডিট আপত্তি নিষ্পত্তির জন্য সংশ্লিষ্ট অফিস প্রধানকে নির্দেশনা প্রদান করতে হবে। তিনি সভাকে আরো জানান যে, মেগা প্রকল্পসমূহ পরিদর্শনের পরিমান বাড়াতে হবে। এ প্রকল্পসমূহ পরিদর্শনের পরিমান বৃদ্ধি করলে বাস্তবায়নে গতি আসবে। স্থানীয় সরকার বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থার উন্নয়ন প্রকল্পের কাজের গুণগত মান নিশ্চিত করতে হবে।

বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA) বিষয়ে অতিরিক্ত সচিব (প্রশাসন) সভাকে জানান যে, ২০১৫-১৬ অর্থ বছরে স্থানীয় সরকার বিভাগের APA অর্জনের হার ৯৮.৮৩%, যা ২০১৪-১৫ অর্থ বছর থেকে বেশী। এ বিষয়ে সভায় আরো জানানো হয় যে, ২০১৬-১৭ অর্থ বছরে সকল পর্যায়ের APA চুক্তি ইতোমধ্যে সম্পন্ন হয়েছে। এ বিভাগ এবং আওতাধীন দপ্তর/সংস্থাসমূহ APA টার্গেট অনুযায়ী কার্যাবলী সম্পাদন করছে। সভাপতি বলেন, APA এর টার্গেট অনুযায়ী সকল দপ্তর/সংস্থার কার্যাবলী সম্পাদন করতে হবে। যে কার্যাবলী সম্পাদনে সমস্যা হতে পারে তা এখন থেকেই মনোযোগ দিতে হবে। চলতি অর্থ বছরে APA অর্জনের হার আরো বৃদ্ধি করতে হবে। তিনি APA এবং ADP বাস্তবায়ন হার এ বিভাগের ওয়েব সাইটে প্রকাশ করায় সভায় সন্তোষ প্রকাশ করনে এবং স্থানীয় সরকার বিভাগের উন্নয়ন কার্মকান্ড দেশবাসীকে জানানোর উদ্যোগ গ্রহণের উপর গুরুত্বারোপ করেন।

e-GP এর অগ্রগতির বিষয়ে সভায় জানানো হয় যে, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন, সিলেট সিটি কর্পোরেশন, ঢাকা ওয়াসা, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর

১০০% e-GP সম্পন্ন করেছে। স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর ৯৫% ক্রয় কার্যক্রম e-GP এর মাধ্যমে সম্পন্ন করছে। যে সকল দপ্তর/সংস্থা এবং স্থানীয় সরকার প্রতিষ্ঠান (ইউনিয়ন পরিষদ ব্যতিত) e-GP বাস্তবায়নে এখনও পিছিয়ে রয়েছে সে সকল দপ্তর/সংস্থা এবং স্থানীয় সরকার সরকার প্রতিষ্ঠানে e-GP পদ্ধতি অনুসরণ করার জন্য CPTU এর সাথে যোগাযোগ অব্যাহত রয়েছে। সভাপতি সভাকে জানান যে, মন্ত্রিসভার এ সিদ্ধান্তটি ৩১ ডিসেম্বর ২০১৬ এর মধ্যে আবশ্যিকভাবে শতভাগ বাস্তবায়ন করতে হবে। যে সকল দপ্তর/সংস্থা এবং স্থানীয় সরকার প্রতিষ্ঠান (ইউনিয়ন পরিষদ ব্যতিত) এখনও e-GP বাস্তবায়ন করতে পারে নাই, তাদেরকে পত্র দিয়ে তাগিদ দিতে হবে এবং প্রতিমাসে e-GP বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন দাখিল করার জন্য নির্দেশনা প্রদান করতে হবে। ৩১ ডিসেম্বর ২০১৬ তারিখের মধ্যে যে দপ্তর/সংস্থার e-GP বাস্তবায়ন করতে পারবে না, সে প্রতিষ্ঠানের শীর্ষ কর্মকর্তাকে জবাবদিহি করতে হবে। সুতরাং এ মাস থেকেই বিষয়টি গুরুত্বের সাথে মনিটরিং করার জন্য তিনি সভায় গুরুত্বারোপ করেন। প্রতিমাসের সমন্বয় সভায় e-GP বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন অনুবিভাগ প্রধানগণকে সভায় উপস্থাপন করার জন্য অনুরোধ করেন।

ইনোভেশন বিষয়ে সভায় জানানো হয় যে, ২০১৬ সালের কর্মপরিকল্পনা মন্ত্রিপরিষদ বিভাগের প্রেরণ করা হয়েছে। এ কর্মপরিকল্পনা মোতাবেক ইনোভেশন কার্যক্রমকে এগিয়ে নেয়া হচ্ছে। প্রধান ইনোভেশন কর্মকর্তা সভাকে জানান যে, ১৩ টি ইনোভেশন ধারণা প্রধানমন্ত্রীর কার্যাবলী প্রেরণ করা হয়েছে। ইতোমধ্যে জেলা পরিষদের প্রশাসকগণের বহি:বাংলাদেশ ছুটি সহজীকরণের উদ্যোগ নেয়া হয়েছে। সভাপতি সভাকে জানান যে, এ বিভাগের ইনোভেশন ৩টি শ্লোগান যথা ঃ

(১) উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র।

(২) শেখ হাসিনার দর্শন
বাংলাদেশের উন্নয়ন।

(৩) শেখ হাসিনার দর্শন
সব মানুষের উন্নয়ন।

প্রধানমন্ত্রীর কার্যালয় কর্তৃক অনুমোদিত হয়েছে। এ শ্লোগানগুলো দেশের মানুষের সামনে প্রচার করতে হবে। স্থানীয় সরকার বিভাগ ও আওতাধীন দপ্তর/সংস্থা এবং স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহে প্রচারের ব্যবস্থা করার উপর গুরুত্বারোপ করেন। তিনি সভাকে আরো জানান যে, এ বিভাগ ও আওতাধীন দপ্তর/সংস্থা হতে প্রেরিত পত্রে ও খামের উপরে ন্যূনতম একটা শ্লোগান লিখতে হবে, যা আগামী ০২ অক্টোবর ২০১৬ হতে কার্যকর হবে। তিনি ইনোভেশন টিমকে আরো গতিশীল হওয়ার জন্য সভায় আহবান জানান।

স্থানীয় সরকার বিভাগের বার্ষিক উন্নয়ন কর্মসূচি(ADP) বাস্তবায়নের বিষয়ে সভায় জানানো হয় যে, চলতি ২০১৬-১৭ অর্থ বছরে আগস্ট পর্যন্ত ADP বাস্তবায়ন হার ৫.৪১%। দেশের সার্বিক হার ৩%। চলতি মাসে এ হার অনেক বৃদ্ধি পাবে বলে আশা করা হয়। সভাপতি সভাকে জানান যে, ADP বাস্তবায়নে স্থানীয় সরকার বিভাগ সবসময়ই ভাল অবস্থানে থাকে। এ বিভাগের কর্মকর্তা/কর্মচারী এবং আওতাধীন দপ্তর/সংস্থা ও স্থানীয় সরকার প্রতিষ্ঠানের জনপ্রতিনিধি/কর্মকর্তা-কর্মচারীদের নিরলস প্রচেষ্টায় এ সাফল্য অর্জন করা সম্ভব হয়। তিনি সভাকে আরো জানান যে, ADP বাস্তবায়ন হার বৃদ্ধিতে প্রকল্প পরিচালকদের ভূমিকা গুরুত্বপূর্ণ। তাদেরকে আরো গতিশীল হতে হবে। তাছাড়া এ বিভাগের আওতায় বাস্তবায়নাধীন কিছু প্রকল্পের হালনাগাদ তথ্য পরিকল্পনা অনুবিভাগে না থাকায় সঠিক হিসাব পরিকল্পনা মন্ত্রণালয়ে প্রেরণ করা সম্ভব হয় না। তিনি সকল প্রকল্পের ডিপিপিসহ সংশ্লিষ্ট তথ্যাদি পরিকল্পনা অনুবিভাগে প্রেরণ করার জন্য সংশ্লিষ্টদের অনুরোধ করেন। তিনি জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরকে আরো গতিশীল হওয়ার জন্য সভায় গুরুত্বারোপ করেন।

সিদ্ধান্ত ঃ (১) পরিদর্শন টিমকে উন্নয়ন প্রকল্প পরিদর্শনের পরিমান বৃদ্ধি করতে হবে। পরিদর্শনের সময় উন্নয়ন প্রকল্পের কাজের গুণগত মান ঠিক আছে কিনা দেখতে হবে।

(২) ইনোভেশন টিমকে আরো গতিশীল হতে হবে।

(৩) বার্ষিক কর্মসম্পাদন চুক্তি মোতাবেক স্থানীয় সরকার বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থার কার্যাবলী সম্পাদন করতে হবে।

(৪) স্থানীয় সরকার বিভাগ ও আওতাধীন দপ্তর/সংস্থার বার্ষিক উন্নয়ন কর্মসূচি (ADP) বাস্তবায়নে প্রকল্প পরিচলাকদের আরো তৎপর হতে হবে।

(৫) যে সকল দপ্তর/সংস্থা এবং স্থানীয় সরকার প্রতিষ্ঠান (ইউনিয়ন পরিষদ ব্যতিত) e-GP বাস্তবায়নে পিছিয়ে রয়েছে, তাদেরকে পত্র প্রেরণ করতে হবে। প্রতিমাসে অনুবিভাগ প্রধানগণ সমন্বয় সভায় অগ্রগতি উপস্থাপন করবেন।

(৬) প্রধানমন্ত্রীর কার্যালয় কর্তৃক অনুমোদিত শ্লোগান ৩টি এ বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থা এবং স্থানীয় সরকার প্রতিষ্ঠানের ভবনের নাম ফলকের পাশে দৃশ্যমান স্থানে স্থাপন করতে হবে।

(৭) শ্লোগান ৩টি ন্যূনতম একটি শ্লোগান এ বিভাগ ও আওতাধীন দপ্তর/সংস্থা এবং স্থানীয় সরকার প্রতিষ্ঠান হতে প্রেরিত পত্র ও খামের উপর মনোগ্রাম আকারে লিখতে হবে।

(৮) স্থানীয় সরকার বিভাগ কর্তৃক বাস্তবায়নাধীন প্রকল্পের হালনাগাদ তথ্য পরিকল্পনা অনুবিভাগে প্রেরণ করতে হবে।

বাস্তবায়নে ঃ (১) অনুবিভাগ প্রধান (সকল), স্থানীয় সরকার বিভাগ।
(২) সকল কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ।
(৩) সহকারী প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ।

আলোচনা- ২ ঃ

মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি ও নির্দেশনাসমূহ যথাযথভাবে বাস্তবায়নের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। সভায় জানানো হয় যে, মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি প্রকল্পসমূহ যথাযথভাবে বাস্তবায়িত হচ্ছে। সভার সিদ্ধান্ত অনুযায়ী অনুবিভাগ প্রধানগণ এ বিষয়ে নিয়মিত সভা করছেন। এ সভায় মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি ও নির্দেশনাসমূহ যথাযথভাবে বাস্তবায়নের জন্য সংশ্লিষ্টদের নির্দেশনা প্রদান করা হচ্ছে। সভাপতি সভাকে জানান যে, এ ধারা অব্যাহত রাখতে হবে। অনুবিভাগ প্রধানগণ সংশ্লিষ্ট দপ্তর/সংস্থার কর্মকর্তাদের নিয়ে প্রতিমাসে সভা করলে প্রকল্পসমূহ বাস্তবায়নের গতি বৃদ্ধি পাবে। মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি এবং নির্দেশনাসমূহ বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন প্রতিমাসে যথাসময়ে প্রধানমন্ত্রীর কার্যালয়ে প্রেরণ করতে হবে।

<u>সিদ্ধান্ত</u> ঃ (১) মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি/নির্দেশিত প্রকল্পসমূহের কাজ চলমান প্রকল্পের মাধ্যমে দ্রুত বাস্তবায়ন এবং এ সংক্রান্ত প্রতিবেদন প্রধানমন্ত্রীর কার্যালয়ে প্রেরণ করতে হবে।

(২) মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি/নির্দেশিত প্রকল্পসমূহের কাজ মনিটরিং করার জন্য সংশ্লিষ্ট অনুবিভাগ প্রধানের সভাপতিত্বে প্রতিমাসে একটি সভা করতে হবে এবং সভার অগ্রগতি প্রতিবেদন পরবর্তী সমন্বয় সভায় উপস্থাপন করতে হবে।

বাস্তবায়ন ঃ (১) সংশ্লিষ্ট দপ্তর/সংস্থা প্রধান, স্থানীয় সরকার বিভাগ।
(২) অনুবিভাগ প্রধান (সকল), স্থানীয় সরকার বিভাগ।
(৩) সিনিয়র সহকারী সচিব (সমন্বয় ও কাউন্সিল শাখা)

<u>আলোচনা-৩</u> ঃ

সভাপতি সভায় এ বিভাগের অনিষ্পন্ন বিষয়াদির অগ্রগতির বিষয়ে জানতে চান। এ বিষয়ে যুগ্ম সচিব (অডিট) সভাকে জানান যে, অনিষ্পন্ন অডিট আপত্তি নিষ্পত্তির লক্ষ্যে যাবতীয় কার্যক্রম গ্রহণ করা হয়েছে। তিনি বলেন যে, অডিট আপত্তিসমূহ নিষ্পত্তির লক্ষ্যে নিয়মিতভাবে দ্বি-পক্ষীয় ও ত্রি-পক্ষীয় সভা এবং ক্রাস কর্মসূচি চলমান রয়েছে। ইতোমধ্যে অনেক অডিট আপত্তি নিষ্পত্তি হয়েছে। সভাপতি সভাকে জানান যে, ১৯৭২ সাল হতে এ বিভাগের অনিষ্পন্ন অডিটের সংখ্যা দেখানো হয়েছে ১,৮২,৮৬০ টি। কোন অফিসে কোন সালে কত অডিট আপত্তি রয়েছে তার পরিসংখ্যান জানা দরকার। যুগ্ম সচিব (অডিট) সভায় জানান যে, ইতোমধ্যে স্থানীয় সরকার বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থা ও স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহে কি পরিমান অডিট আপত্তি হয়েছে তার তালিকা

কম্পট্রোলার এ্যান্ড অডিটর জেনারেল অফিসের নিকট চাওয়া হয়েছে। স্থানীয় সরকার বিভাগের আওতাধীন বিভিন্ন দপ্তর/সংস্থা/প্রতিষ্ঠান থেকে প্রাপ্ত অডিট আপত্তি পাওয়া গেলে অডিট আপত্তির প্রকৃত সংখ্যা নির্ণয় করা সম্ভব হবে।

সভায় জানানো হয় যে, স্থানীয় সরকার বিভাগ সংশ্লিষ্ট জাতীয় সংসদের ৪টি স্থায়ী কমিটি রয়েছে। এ কমিটিসমূহের বৈঠক অনুষ্ঠানের পর ১০ কার্য দিবসের মধ্যে সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি সভা অনুষ্ঠিত হচ্ছে। সভাপতি বলেন, এ ধরণের সভা করার পরে সিদ্ধান্ত সমূহ বাস্তবায়নে গতি এসেছে। এ ধারা অব্যাহত রাখতে হবে।

সভায় এ বিভাগের বিভিন্ন শাখা/অধিশাখায় প্রাপ্ত পত্র নিষ্পত্তির বিষয়াদি সম্পর্কে নিম্নরূপ তথ্য উপস্থাপন করা হয়ঃ

আগস্ট, ২০১৬ মাসের অনিষ্পন্ন বিষয়াদির বিবরণ

| শাখা/ অধিশাখার নাম | গত মাসের জের | আলোচ্য মাসে প্রাপ্তি | আলোচ্য মাসে নিষ্পত্তি | মাসের শেষ কার্যদিবসে অনিষ্পন্ন | | | | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | এক সপ্তাহের অধিক কিন্তু দুই সপ্তাহের বেশী নয় | দুই সপ্তাহের অধিক কিন্তু এক মাসের বেশী নয় | এক মাসের অধিক | মোট | |
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) | (৯) |
| ইউনিয়ন পরিষদ-১ শাখা | - | ৯৮ | ৯৮ | - | - | - | - | - |
| ইউনিয়ন পরিষদ-২ শাখা | - | ৪৩ | ৩৭ | - | - | - | - | ০৬ টি পত্র অনুলিপি, কার্যক্রমবিহীন তাই নথিজাত করা হয়েছে। |
| আইন-১ অধিশাখা | - | ১৯০ | ১৯০ | - | - | - | - | - |
| আইন-২ শাখা | - | | | | | | | - |
| প্রশাসন-১/ বাজেট শাখা | - | ১৩৮ | ১৩৮ | - | - | - | - | ১০৪ টি নিষ্পত্তি , ১৮ টি পত্র নির্ধারিত কর্মকর্তাদের নিকট প্রেরণ করা হয়েছে এবং ১৬ টি পত্র নথিভুক্ত। |
| প্রশাসন-২ | - | ৮৫ | ৭৬ | - | - | - | - | ০৯ টি অনুলিপি। |
| সমন্বয় ও কাউন্সিল শাখা | - | ৪৭ | ৪৭ | - | - | - | - | - |
| জেলা পরিষদ অধিশাখা | - | ১৮৬ | ১৬৩ | - | - | - | - | ২৩ টি পত্র নথিজাত ও সংরক্ষণ করা হয়েছে। |
| উপজেলা-১ | - | ৯৮ | ৯৮ | - | - | - | - | - |
| উপজেলা-২ | - | ২৩৫ | ৬৬ | - | - | - | - | মোট ১৬৯ টি বাজেট, ই-জিপি ও অন্যান্য তথ্যাদি। |
| অডিট-১ শাখা | - | ৫৫ | ৫৫ | - | - | - | - | - |
| অডিট-২ অধিশাখা | - | ৮৩ | ৭৭ | ০৬ | - | - | - | |
| অডিট-৩ শাখা | - | ৭০ | ৭০ | - | - | - | - | |
| উন্নয়ন-১ শাখা | - | ৭৩ | ৬১ | - | - | - | - | ০৬ টি পত্র কার্যক্রমবিহীন ও ০৬ টি চলমান রয়েছে। |
| উন্নয়ন-২ শাখা | ০১ | ১০৪ | ৯৯ | - | - | - | - | ০৬ টি চলমান। |
| সিক- ১ অধিশাখা | - | ৩০৯ | ২১৪ | - | - | - | - | ৯৫ টি চিঠি অনুলিপি ও কার্যক্রমবিহীন। |
| সিক-২ অধিশাখা | - | ১৫৯ | ১২৯ | - | - | - | - | মোট ৩০ টি অনুলিপি। |
| পৌর-১ শাখা | - | ১০৩ | ৫০ | - | - | - | - | ৫৩ টি পত্র কার্যক্রমবিহীন। |
| পৌর-২ শাখা | - | ১৮৫ | ৯২ | - | - | - | - | ৯৩ টি পত্র কার্যক্রমবিহীন। |
| পাস-১ অধিশাখা | - | ১১২ | ১০৩ | - | - | - | - | কার্যক্রমবিহীন ০৯ টি। |
| পাস-২ শাখা | - | ৬৬ | ৬৬ | - | - | - | - | - |
| পাস-৩ শাখা | - | ৩৪ | ৩০ | - | - | - | - | অনিষ্পন্ন ০৪ টি। |
| মনিটরিং-১ শাখা | - | ৩২ | ৩২ | - | - | - | - | - |
| মনিটরিং-২ শাখা | | | | | | | | |
| মনিটরিং-৩ শাখা | - | ১২ | ১২ | - | - | - | - | - |
| পরিদর্শন শাখা | - | ০৬ | ০৬ | - | - | - | - | - |
| মূল্যায়ন-১ শাখা | - | ০৬ | ০৬ | - | - | - | - | - |
| মূল্যায়ন-২ শাখা | - | ৩৬ | ৩৬ | - | - | - | - | - |
| মূল্যায়ন-৩ শাখা | - | ০৬ | ০৬ | - | - | - | - | - |
| পরিকল্পনা-১ শাখা | - | ১১১ | ৫৭ | - | - | - | - | ১৮ টি প্রক্রিয়াধীন ও কার্যক্রমবিহীন ৩৫টি। |
| পরিকল্পনা-২ শাখা | | ৬২ | ৪০ | - | - | - | - | ২২ টি অনুলিপি, যা যথাযথভাবে সংরক্ষণ করা হয়েছে। |
| পরিকল্পনা-৩ শাখা | ০১ | ৩৫ | ৩১ | - | - | - | - | কার্যক্রমবিহীন ০৩ টি। |

সিদ্ধান্ত ঃ (১) অডিট আপত্তি নিস্পত্তির বিষয়ে সর্বোচ্চ গুরুত্ব প্রদান করতে হবে এবং দ্রুত অডিট আপত্তি নিস্পত্তির লক্ষ্যে বিভাগ/ জেলা পর্যায়ে দ্বি-পক্ষীয় ও ত্রি-পক্ষীয় সভা অব্যাহত রাখতে হবে।

(২) জাতীয় সংসদের স্থানীয় সরকার বিভাগ সংশ্লিষ্ট স্থায়ী কমিটির সভা অনুষ্ঠানের পর ১০ কার্য দিবসের মধ্যে সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি সভা করতে হবে।

(৩) এ বিভাগে প্রাপ্ত পত্রাদি নিস্পত্তির ধারা অব্যাহত রাখতে হবে।

বাস্তবায়নে ঃ (১) অনুবিভাগ প্রধান (সকল), স্থানীয় সরকার বিভাগ।

(২) যুগ্ম-সচিব (অডিট), স্থানীয় সরকার বিভাগ।

বিবিধ আলোচনা ঃ সভায় জানানো হয় যে, ২০১৬-১৭ অর্থ বছরের প্রশিক্ষণ কর্মসূচি গ্রহণ করা হয়েছে। সভাপতি সভাকে জানান যে, এ সকল প্রশিক্ষণ ফলপ্রসূ করার জন্য সিনিয়র/অভিজ্ঞ অবসরপ্রাপ্ত কর্মকর্তাদের অধিবেশন পরিচালনার জন্য আমন্ত্রণ জানাতে হবে, এ ক্ষেত্রে স্থানীয় সরকার বিভাগে দীর্ঘদিন কাজ করেছে এমন প্রশাসনিক কর্মকর্তাদেরও নির্বাচন করা যেতে পারে। তিনি সভাকে আরো জানান যে, প্রশিক্ষণের কার্যক্রম অব্যাহত রাখতে হবে। প্রশিক্ষণের ভেন্যু মাঝে মাঝে অফিসের বাইরেও করা যেতে পারে।

সভাপতি সভাকে জানান যে, স্থানীয় সরকার প্রতিষ্ঠানগুলোর সেবা প্রদান কার্যক্রমসমূহ অনলাইনের মাধ্যমে প্রদান করা সম্ভব হলে জনগণের ভোগান্তি অনেক কমবে। সভায় এ বিষয়ে জানানো হয় যে, ১১টি সিটি কর্পোরেশনে অন লাইনে নাগরিক সেবা প্রদানের জন্য প্রকল্প গ্রহণ করা হয়েছে। সভাপতি সভাকে আরো জানান যে, এখনও যে সকল পৌরসভা, উপজেলা পরিষদ, জেলা পরিষদ এবং সিটি কর্পোরেশনের ওয়ার্ডে অনলাইন সেবা প্রদান চালু হয় নাই, সে সকল সকল পৌরসভা, উপজেলা পরিষদ, জেলা পরিষদ এবং সিটি কর্পোরেশনের ওয়ার্ডে অনলাইন সেবা প্রদান চালু করার উপর গুরুত্বরোপ করেন।

ডিজিটাল সেন্টার স্থাপন বিষয়ে সভায় জানানো হয় যে, সিটি কর্পোরেশনের ৩১৭টি ওয়ার্ডে ডিজিটাল সেন্টার স্থাপন করা হয়েছে। ২৪৯ টি পৌরসভার নিজস্ব ভবন রয়েছে। তার মধ্যে ২৩৪ টিতে পৌরসভা ডিজিটাল সেন্টার স্থাপন করা হয়েছে। ৬০ টি জেলা পরিষদ এবং ৩৪৪টি উপজেলা পরিষদে ডিজিটাল সেন্টার স্থাপন করা হয়েছে। সভাপতি সভাকে জানান যে, মাননীয় আইসিটি উপদেষ্টাকে স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহের নিজস্ব রাজস্ব দ্বারা এ সকল ডিজিটাল সেন্টার স্থাপনের কথা জানানো হয়েছে। কোন প্রকল্প গ্রহণ করা ছাড়াই স্থানীয় সরকার প্রতিষ্ঠানে প্রায় ১১০০ ডিজিটাল সেন্টার স্থাপন করাকে আইসিটি উপদেষ্টা মহোদয় সাধুবাদ জানিয়েছেন। সভাপতি সভাকে আরো জানান যে, এখনও যে সকল পৌরসভা, উপজেলা পরিষদ, জেলা পরিষদ এবং সিটি কর্পোরেশনের ওয়ার্ডে ডিজিটাল সেন্টার স্থাপন করা হয় নাই, সে সকল পৌরসভা, উপজেলা পরিষদ, জেলা পরিষদ এবং সিটি কর্পোরেশনে দ্রুত ডিজিটাল সেন্টার স্থাপন করতে হবে। পরিদর্শনের সময় স্থাপিত ডিজিটাল সেন্টারের কার্যাবলী মনিটরিং করার উপর সভায় গুরুত্বারোপ করেন।

মন্ত্রিপরিষদের সিদ্ধান্ত বাস্তবায়নের বিষয়ে সভায় জানানো হয় যে, মন্ত্রিসভার সিদ্ধান্ত বাস্তবায়নে এ বিভাগের কার্মকর্তারা সচেষ্ট আছে। সভাপতি সভাকে জানান যে, মন্ত্রিসভার সিদ্ধান্ত বাস্তবায়নে এ বিভাগের অর্জন সন্তোষজনক। এ বিভাগের কর্মকর্তা/কর্মচারীদের ঐকান্তিক প্রচেষ্টায় এ অর্জন সম্ভব হয়। ভবিষ্যতে এ ধারা অব্যাহত রাখতে সভায় সকলকে অনুরোধ জানান। তিনি যে সিদ্ধান্ত বাস্তবায়নের অপেক্ষায় রয়েছে, তা দ্রুত বাস্তবায়ন করে মন্ত্রিপরিষদ বিভাগকে জানাতে সভায় গুরুত্বারোপ করেন।

সভায় জানানো হয় যে, নবনির্বাচিত ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানদের শপথ অনুষ্ঠানে দেশের অধিকাংশ ইউনিয়নের ডিজিটাল সেন্টারের উদ্যোক্তাদের সাথে চেয়ারম্যানদের চুক্তি সম্পাদন সম্পন্ন হয়েছে। এ বিষয়ে তথ্য সংগ্রহ কার্যক্রম চলমান রয়েছে। সভাপতি বলেন, কোন ক্রমেই ইউনিয়ন ডিজিটাল সেন্টারের উদ্যোক্তাদের সরানো যাবে না। যে সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান সরকারের এ আদেশ পালন করবে না তাদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা নিতে হবে। জেলা প্রশাসকদের নিকট হতে এ সংক্রান্ত তথ্য সংগ্রহ করতে হবে এবং নির্দেশনা মোতাবেক ব্যবস্থা নিতে হবে।

যুগ্ম সচিব (পাস) জনাব মোঃ মাহবুব হোসেন সভাকে জানান যে, এ বিভাগের অনেক অর্জন প্রচার করা যেতে পারে। সভাপতি বলেন, স্থানীয় সরকার বিভাগ এবং আওতাধীন দপ্তর/সংস্থা ও স্থানীয় সরকার প্রতিষ্ঠানের অর্জনগুলো দেশের জনগণের সামনে তুলে ধরতে হবে। বিভিন্ন জাতীয় দিবস উপলক্ষে পোস্টার ছাপানো, দৈনিক প্রত্রিকায় ক্রোড়পত্র প্রকাশ, ইলেকট্রনিট মিডিয়ায় প্রতিবেদন প্রচারের মাধ্যমে এ অর্জনগুলো জনসাধারণকে জানানো যায়। তিনি এ কাজ সম্পন্ন করার জন্য একটি কমিটি গঠনের উপর সভায় গুরুত্বারোপ করেন।

প্রধান প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর সভাকে জানান যে, ইউনিয়ন পরিষদ ভবনসমূহ মেরামত খাতে কোন বরাদ্দ রাখা হয় না। এ খাতে বরাদ্দ রাখা দরকার। সভাপতি বলেন, এলজিইডি'র রাস্তা মেরামত খাতে আগে টাকা রাখা হতো না। বর্তমানে এ খাতে টাকা রাখা হয়। ইউনিয়ন পরিষদ ভবন মেরামত খাত নামে নতুন খাতে বরাদ্দের উপর তিনি সভায় গুরুত্বারোপ করেন।

সিদ্ধান্ত ঃ(১) সকল পর্যায়ের কর্মকর্তা/কর্মচারীদের জন্য বছর ব্যাপী অভ্যন্তরীণ প্রশিক্ষণের আয়োজন অব্যাহত রাখতে হবে। রিসোর্স পারসন হিসেবে বিশেষজ্ঞ ও অবসরপ্রাপ্ত সিনিয়র/অভিজ্ঞ কর্মকর্তাদের অগ্রাধিকার দিতে হবে।

(২) সিটি কর্পোরেশন ও পৌরসভাসমূহের নাগরিক সেবা প্রদান কার্যক্রম অন-লাইনে সম্পন্নের কাজ দ্রুত শেষ করতে হবে।

(৩) পরিদর্শন টিমকে পরিদর্শন কালে এ বিভাগ কর্তৃক স্থাপিত ডিজিটাল সেন্টারের কার্যক্রম মনিটরিং করতে হবে।

(৪) যে সকল স্থানীয় সরকার প্রতিষ্ঠানে এখনও ডিজিটাল সেন্টার স্থাপন করা সম্ভব হয় নাই, সেখানে ডিজিটাল সেন্টার স্থাপন কাজ শেষ করতে হবে।

(৫) ইউনিয়ন ডিজিটাল সেন্টার উদ্যোক্তাদের সাথে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানদের চুক্তি সংক্রান্ত হালনাগাদ তথ্য (উদ্যোক্তাদের নাম, ঠিকানাসহ) জেলা প্রশাসকগণের নিকট হতে সংগ্রহ করতে হবে।

(৬) এ বিভাগ ও আওতাধীন দপ্তর/সংস্থার অর্জনসমূহ প্রচারের লক্ষ্যে নিম্নরূপ কমিটি গঠন করা হয়ঃ

| | | | |
|---|---|---|---|
| (১) | জনাব মোঃ মাহবুব হোসেন | যুগ্ম সচিব, স্থানীয় সরকার বিভাগ | আহবায়ক |
| (২) | জনাব মেজবাহ উদ্দিন | উপসচিব, স্থানীয় সরকার বিভাগ | সদস্য |
| (৩) | জনাব মোঃ খাইরুল ইসলাম | উপসচিব, স্থানীয় সরকার বিভাগ | সদস্য |
| (৪) | জনাব মোঃ দিদারুল আলম | সিনিয়র সহকারী প্রধান, স্থানীয় সরকার বিভাগ | সদস্য |
| (৫) | ডঃ জুলিয়া মঈন | সিনিয়র সহকারী সচিব, স্থানীয় সরকার বিভাগ | সদস্য সচিব |

(৭) ইউনিয়ন পরিষদ ভবন মেরামত নামে একটা আলাদা খাত সৃষ্টির উদ্যোগ নিতে হবে।

<u>বাস্তবায়নে</u> ঃ ১) অনুবিভাগ প্রধান (সকল), স্থানীয় সরকার বিভাগ
২) সংশ্লিষ্ট দপ্তর/সংস্থা প্রধান, স্থানীয় সরকার বিভাগ।
৩) স্থানীয় সরকার বিভাগের অন্যান্য কর্মকর্তাগণ।

পরিশেষে সভাপতি এ বিভাগের উপর অর্পিত দায়িত্ব দক্ষতা, সততা ও নিষ্ঠার সাথে নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করার আহবান জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

০৩/১০/২০১৫

আব্দুল মালেক
সচিব
স্থানীয় সরকার বিভাগ

| শেখ হাসিনার দর্শন বাংলাদেশের উন্নয়ন। | উন্নয়নের গণতন্ত্র শেখ হাসিনার মূলমন্ত্র |
|---|---|

স্মারক নং-৪৬.০০.০০০০.০৮.০১৬.০৫৮.১৫-৮০৯/৫(৭) তারিখ ঃ ১৮ আশ্বিন ১৪২৩ বঙ্গাব্দ
০৩ অক্টোবর ২০১৬ খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) ঃ

১। অতিরিক্ত সচিব (সকল)/মহাপরিচালক, স্থানীয় সরকার বিভাগ।
২। যুগ্ম সচিব (সকল)/পরিচালক (যুগ্ম সচিব), স্থানীয় সরকার বিভাগ।
৩। মাননীয় মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়।
৪। উপসচিব (সকল)/উপ-প্রধান (পরিকল্পনা), স্থানীয় সরকার বিভাগ।
৫। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ।
৬। সিনিয়র সহকারী সচিব/সিনিয়র সহকারী প্রধান/সহকারী সচিব (সকল), স্থানীয় সরকার বিভাগ।
৭। হিসাব রক্ষণ কর্মকর্তা/ সহকারী কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ।

দপ্তর/সংস্থা ঃ

১। প্রধান প্রকৌশলী, এলজিইডি/ডিপিএইচই, ঢাকা।
২। ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা ওয়াসা, ঢাকা।
৩। মহাপরিচালক, এনআইএলজি, ঢাকা।
৪। প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন/ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন, ঢাকা।
৫। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ, ঢাকা।

০৩/১০/২০১৬

মুহাম্মদ ইকবাল হুসাইন
সিনিয়র সহকারী সচিব
ফোন ঃ ৯৫৭৫৫৭৬
E-Mail:Councillgd@yahoo.com